জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর-১৭০৪

সূত্র নং - ১৬(৬৯৩)/ জাতী:বি:/রেজি:/একা:/মাস্টার্স ১ম পর্ব/২০১৪-১৫/৩৭৮০ তারিখ: ১৪ মার্চ ২০১৭

২০১৪-১৫ শিক্ষাবর্ষ ১ম পর্ব মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন বিজ্ঞপ্তি

ভর্তি বিষয়ক ওয়েবসাইট: (www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions)

অনলাইনে রেজিস্ট্রেশনের আবেদন সংক্রান্ত নিয়মাবলী ও প্রয়োজনীয় তথ্যাদি :

১। আবেদনের যোগ্যতা :

ক) জাতীয় বিশ্ববিদ্যালয় হতে ০৩ বছর মেয়াদী স্নাতক (পাস) ও ০৩ বছর মেয়াদী স্নাতক (সম্মান) কোর্সে উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে ১ম পর্ব মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।

খ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে ০৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান) কোর্সে পাস ডিগ্রী প্রাপ্ত শিক্ষার্থীরা উক্ত প্রোগ্রামে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।

গ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের সার্টিফিকেট কোর্স (৪০০ নম্বর সম্বলিত) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা উক্ত প্রোগ্রামে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।

ঘ) আবেদনের যোগ্যতা থাকা সাপেক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর **সংশ্লিষ্ট** দপ্তর হতে অনুমতি গ্রহণ ও উত্তম আচরণের প্রত্যয়নপত্র দাখিল সাপেক্ষে কারাবন্দীগণও আবেদনের যোগ্য।

ঙ) বাংলাদেশ প্রতিরক্ষা বাহিনীর সদস্য প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদনের যোগ্য।

২। অনলাইনে আবেদনের নিয়মাবলী, সময়সূচী ও ধার্যকৃত ফি :

ক) আবেদনের জন্য প্রার্থীকে **১৫/০৩/২০১৭ তারিখ বিকাল ৪টা থেকে ৩০/০৩/২০১৭ তারিখ রাত ১২টা** পর্যন্ত জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions) এ ফরম পূরণ করতে হবে।

খ) **প্রতিটি কলেজে ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে** ১ম পর্ব মাস্টার্স (প্রাইভেট) **প্রোগ্রামে অধিভুক্ত একটি বিষয়ে সর্বোচ্চ ১০০০ (এক হাজার) প্রার্থী আবেদন করতে পারবে।**

গ) **জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে ৩ বছর মেয়াদী স্নাতক (পাস) অথবা ৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান) কোর্সে পাস ডিগ্রী প্রাপ্ত** প্রার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের **Master's Tab** এ গিয়ে **Apply Now (Masters Preli. Private)** অপশন থেকে আবেদন ফরম পূরণ করতে হবে।

ঘ) **জাতীয় বিশ্ববিদ্যালয় হতে ৩ বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় উত্তীর্ণ অথবা** সার্টিফিকেট কোর্স (৪০০ নম্বর সম্বলিত) পরীক্ষায় উত্তীর্ণ **প্রার্থীকে** ভর্তি বিষয়ক ওয়েবসাইটের **Master's Tab** এ গিয়ে **Blank Data Entry Form (Masters Preli. Private)** অপশন থেকে নির্ধারিত সময়েই আবেদন ফরম পূরণ করতে হবে। **Blank Data Entry Form (Masters Professional)** এর মাধ্যমে আবেদন ফরম পূরণের ক্ষেত্রে প্রার্থীকে সতর্কতার সংগে নিজের নাম, পিতা/মাতার নাম ও শিক্ষাগত যোগ্যতার সকল তথ্য নির্ভুলভাবে এন্ট্রি দিতে হবে। **এই ফরমে প্রার্থীর কোন তথ্য ভুল/অসত্য বলে প্রমাণিত হলে তার রেজিস্ট্রেশন বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।**

ঙ) আবেদনকারী তার পছন্দ অনুযায়ী বিভাগ ও জেলা নির্ধারণ করে যে কোন কলেজের নাম **Select** করলে সংশ্লিষ্ট কলেজে প্রার্থীর ভর্তি যোগ্য **(Eligible) বিষয়ের তালিকা দেখতে পাবে** এবং উক্ত তালিকা থেকে সতর্কতার সংগে তার প্রার্থিত বিষয়ের পছন্দ নির্ধারণ করবে।

চ) আবেদন ফরম পূরণের সময় প্রার্থীর পাসপোর্ট আকারে সম্প্রতি তোলা রঙ্গিন ছবি **Scan** করে আপলোড করতে হবে। ছবির মাপ **120×150 pixels, Image Type: jpg** এবং **maximum file size:50Kb** হতে হবে। **প্রার্থীর ছবি ব্যতীত অন্য কোন ছবি আবেদন ফরমে আপলোড করা হলে ঐ প্রার্থীর ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করবে।**

ছ) সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে **Submit Application** অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে [A4 (8.5"×11") অফসেট সাদা কাগজে] প্রিন্ট (Print) নিতে হবে।

জ) **পূরণকৃত আবেদন ফরমের ত্রুটি সংশোধন:** আবেদন ফরম **সংশ্লিষ্ট** কলেজে জমাদানের পূর্বে প্রার্থী তার আবেদন ফরমটি যাচাই করবে। আবেদন ফরমে তথ্যগত অমিল বা ত্রুটিপূর্ণ ছবি থাকলে তা সংশোধন করতে হবে। আবেদন ফরম সংশোধনের জন্য প্রার্থীকে **Applicant's Login (Master Preli. Private)** অপশনে গিয়ে আবেদন ফরমের রোল নম্বর ও পিন এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারীকে **Form Cancel/Photo Change Option** এ গিয়ে **Click to Generate the Security key** অপশনটি ক্লিক করলে প্রার্থী তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে **One Time Password (OTP)** পাবে। এই **OTP** এন্ট্রি দিয়ে প্রার্থী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ ও ছবি আপলোড করতে পারবে। এ লক্ষ্যে আবেদনকারীকে তার ব্যক্তিগত সঠিক মোবাইল নম্বর সর্তকতার সংগে আবেদন ফরমে সংযোজন করতে হবে। তবে কলেজ কর্তৃক আবেদন ফরম নিশ্চয়ন করার পর তা আর বাতিল করা যাবে না। **প্রার্থী ছবি পরিবর্তনের সুযোগ মাত্র একবারই পাবে।**

ঝ) আবেদনকারীকে প্রিন্ট করা আবেদন ফরমটির নির্ধারিত স্থানে স্বাক্ষর করতে হবে। এই আবেদন ফরমের সংগে প্রার্থীকে স্নাতক (পাস)/স্নাতক (সম্মান) পরীক্ষার সত্যায়িত নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি, আবেদন **ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা ও রেজিস্ট্রেশন ফি বাবদ ৮০০/- (আটশত) টাকা সংশ্লিষ্ট** কলেজে নির্ধারিত সময়ের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। আবেদন ফরমটির দ্বিতীয় অংশ **সংশ্লিষ্ট** কলেজ অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ প্রার্থীকে ফেরত দিবে।

৩। আবেদনের **সময়সূচী :**

ক্রমিক	বিবরণ	তারিখ
১।	অনলাইনে আবেদন করার তারিখ	১৫/০৩/২০১৭ থেকে ৩০/০৩/২০১৭
২।	আবেদন ফরম, আবেদন ফি ও প্রয়োজনীয় কাগজপত্র নির্ধারিত কলেজে জমা দেয়ার তারিখ	১৬/০৩/২০১৭ থেকে ০১/০৪/২০১৭
৩।	কলেজ কর্তৃক আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন করার তারিখ:	১৬/০৩/২০১৭ থেকে ০৩/০৪/২০১৭

৪।	কলেজ কর্তৃপক্ষকে প্রার্থীদের আবেদন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ **[আবেদনকারী প্রতি ২০০/- (দুইশত) টাকা হারে]** ও রেজিস্ট্রেশন ফি **[আবেদনকারী প্রতি ৮০০/- (আটশত) টাকা হারে]** যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দেয়ার তারিখ: এ লক্ষ্যে **সংশ্লিষ্ট** কলেজকে Login এর মাধ্যমে **Application Payment Info (Masters Preli. Private)** অপশনে ক্লিক করে দু'টি আলাদা Pay Slip ডাউনলোড করতে হবে। ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে মাস্টার্স ১ম পর্ব (প্রাইভেট) ভর্তির আবেদন (ভর্তি ফান্ড) ফি ও রেজিস্ট্রেশন ফি'র সঞ্চয়ী হিসাব নম্বর যথাক্রমে 0218100003245 ও 0218100000134 উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং **সংশ্লিষ্ট** কলেজকে এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকের শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।	০৫/০৪/২০১৭ থেকে ১০/০৪/২০১৭
৫।	**কলেজ কর্তৃক ১ম পর্ব মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে বিষয়ওয়ারী নিশ্চয়নকৃত শিক্ষার্থীদের পত্র কোড এন্ট্রি দেয়ার তারিখ:** এ লক্ষ্যে **সংশ্লিষ্ট** কলেজকে Login এর মাধ্যমে **Paper Code Entry (Master's Preli. Private)** অপশনে ক্লিক করে শিক্ষার্থীদের পত্র কোড এন্ট্রি দিতে হবে। বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে পত্র কোড এন্ট্রি না দেয়া হলে অথবা ভুল পত্র কোড এন্ট্রি দেয়া হলে **সংশ্লিষ্ট** প্রার্থীর রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করা হবে না। **২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে ১ম পর্ব মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামের জন্য প্রযোজ্য সিলেবাস থেকে পত্র কোড এন্ট্রি দিতে হবে।**	১১/০৪/২০১৭ থেকে ২০/০৪/২০১৭

৪। বিষয় নির্বাচন :

ক) **অনুমোদিত বিষয়সমূহ : বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, আরবী, ইসলামিক স্টাডিজ, সংস্কৃত, পালি, অর্থনীতি, সমাজবিজ্ঞান, রাষ্ট্রবিজ্ঞান, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, মার্কেটিং ও ফিন্যান্স এন্ড ব্যাংকিং। সংশ্লিষ্ট কলেজে ১ম পর্ব মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে উল্লিখিত বিষয়সমূহে অধিভুক্তি থাকলে কেবলমাত্র ঐ সকল বিষয়ে প্রাইভেট রেজিস্ট্রেশন করা যাবে।**

খ) বিষয় নির্বাচনের ক্ষেত্রে অবশ্যই স্নাতক (পাস)/স্নাতক (সম্মান) পর্যায়ে পঠিত অথবা সার্টিফিকেট কোর্স (৪০০ নম্বর সম্বলিত বিষয়ে) পরীক্ষায় উত্তীর্ণ বিষয় নির্বাচন করা যাবে;

গ) স্নাতক (পাস) কোর্সে পঠিত **ইসলামের ইতিহাস ও সংস্কৃতি** বিষয়ের সমগোত্রীয় বিষয় হিসেবে **ইতিহাস এবং ইতিহাস বিষয়ের সমগোত্রীয় বিষয় হিসাবে ইসলামের ইতিহাস ও সংস্কৃতি** বিষয়টি গণ্য করা যাবে;

ঘ) নূন্যতম ৪০০ নম্বরের বাংলা ও ইংরেজি ব্যতীত আবশ্যিক বাংলা ও ইংরেজি বিষয় নিয়ে সরাসরি ১ম পর্ব মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করা যাবে না।

৫। শর্তাবলী :

ক) ১ম পর্ব মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের আবেদন করার সময় কোন বিষয়/কলেজ নির্বাচন করার পর পরবর্তীতে উক্ত বিষয়/কলেজ পরিবর্তনের অনুমতি দেয়া হবে না;

খ) ১ম পর্ব মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামের জন্য চলতি শিক্ষাবর্ষের বিষয়ভিত্তিক সিলেবাস প্রযোজ্য হবে।

গ) শিক্ষার্থীগণকে রেজিস্ট্রেশন ও পরীক্ষা সংক্রান্ত সকল বিষয়ে একাডেমিক কাউন্সিল ও সিন্ডিকেট কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত মেনে নিতে হবে;

ঘ) কোন শিক্ষার্থী একই সময়ে একাধিক কোর্সে কিংবা একাধিক বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠানে অধ্যয়ন করলে দ্বৈত ভর্তিজনিত কারণে উক্ত শিক্ষার্থীর ভর্তি ও ফলাফল বাতিল বলে গণ্য হবে।

ঙ) **১ম পর্ব মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের মেয়াদ হবে বিরতিহীনভাবে ৩ (তিন) শিক্ষাবর্ষ ।**

৬। পূরণকৃত আবেদন ফরমের প্রিন্টকপির সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবে :

ক) **এস এস সি/সমমান, এইচ এস সি/সমমান পরীক্ষা পাশের মূল সনদ ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি;**

খ) স্নাতক (পাস)/স্নাতক (সম্মান) পরীক্ষা পাশের মূল/সাময়িক সনদ ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি;

গ) **সংশ্লিষ্ট** কলেজ অধ্যক্ষ/ ১ম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক চারিত্রিক সনদ;

ঘ) স্নাতক (পাস)/স্নাতক (সম্মান) পরীক্ষা কোর্সের রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি;

ঙ) সার্টিফিকেট কোর্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের মূল/সাময়িক সনদপত্র, নম্বরপত্র এবং রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি;

চ) প্রতিরক্ষা বাহিনীতে কর্মরত প্রার্থীগণকে "শিক্ষা ছুটি দেয়া হবে" মর্মে বিভাগীয় প্রধানের প্রত্যয়নপত্র।

৭। কলেজ কর্তৃপক্ষের করণীয় :

ক) **সংশ্লিষ্ট** কলেজ ভর্তি কার্যক্রম পরিচালনার লক্ষ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট ওয়েবসাইট (www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions) এর **College (Postgraduate) Login** অপশনে গিয়ে তাদের জন্য বরাদ্দকৃত (১ম পর্ব মাস্টার্স নিয়মিত প্রোগ্রামে ভর্তি কার্যক্রমে প্রদত্ত) **User ID** ও **Password** এন্ট্রি দিবে। আবেদন ফরম নিশ্চয়নের সময় **Click to Generate the Security key** অপশনে গিয়ে ক্লিক করলে **সংশ্লিষ্ট** কলেজ কর্তৃক প্রদত্ত মোবাইল নম্বরে SMS ও কলেজ ই-মেইল এর মাধ্যমে **One Time Password (OTP)** পাবে। এই **OTP** ব্যবহার করে **সংশ্লিষ্ট** কলেজ প্রার্থীদের আবেদন ফরম নিশ্চয়ন করতে পারবে।

খ) কলেজ কর্তৃপক্ষকে আবেদন ফরম নিশ্চয়নের পূর্বে আবেদন ফরমে প্রদর্শিত প্রার্থীর সকল তথ্য ও ছবি যাচাই করে নিতে হবে। **এ লক্ষ্যে অনুচ্ছেদ-১ এ বর্ণিত "আবেদনের যোগ্যতা" এর সকল শর্ত পূরণ হয়েছে কিনা তা যাচাই করে নিতে হবে**। আবেদন ফরমে প্রার্থীর তথ্য বা ছবির অসংগতি পাওয়া গেলে কলেজ কর্তৃক আবেদন ফরমটি নিশ্চয়ন না করে প্রার্থীকে অনলাইনে ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন করার পরামর্শ দিতে হবে।

গ) **Blank Data Entry Form (Masters Preli. Private)** এ আবেদনকারী প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার সকল সনদের সত্যায়িত কপি ও প্রয়োজনীয় কাগজপত্র **সংশ্লিষ্ট** কলেজে আবেদনের প্রিন্টেড কপির সঙ্গে জমা দিতে হবে। **সংশ্লিষ্ট** কলেজ তা যাচাই করে আবেদন নিশ্চয়ন করবেন। **"প্রার্থী/প্রার্থীদের ভর্তির জন্য প্রদত্ত তথ্যাদি সঠিক"**- মর্মে একটি প্রত্যয়নপত্রসহ **সংশ্লিষ্ট** শিক্ষার্থীদের একটি তালিকা কলেজ অধ্যক্ষ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডিন (স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র) দপ্তরে প্রেরণ করবেন। **Blank Data Entry Form এ প্রার্থী কর্তৃক কোন ভুল/অসত্য তথ্য প্রদান করা হলে তার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট শিক্ষার্থী ও কলেজ কর্তৃপক্ষ বহন করবেন।**

ঘ) কলেজ কর্তৃক আবেদন ফরম নিশ্চয়ন করার পর **পূরণকৃত আবেদন ফরমের ত্রুটি সংশোধন** করা যাবে না। **ত্রুটিপূর্ণ ছবিসহ ভর্তিকৃত প্রার্থীর ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করবে।**

ঙ) বিষয়ওয়ারী পত্র কোড এন্ট্রি

কলেজ কর্তৃক ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে ১ম পর্ব মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থীদের বিষয়ওয়ারী পত্র কোড এন্ট্রি দিতে হবে। এ লক্ষ্যে **সংশ্লিষ্ট** কলেজকে Login এর মাধ্যমে **Paper Code Entry (Master's Preli. Private)** অপশনে ক্লিক করে শিক্ষার্থীদের পত্র কোড এন্ট্রি দিতে হবে। বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে পত্র কোড এন্ট্রি না দেয়া হলে অথবা ভুল পত্র কোড এন্ট্রি দেয়া হলে **সংশ্লিষ্ট** প্রার্থীর রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করা হবে না। **২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে ১ম পর্ব মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামের জন্য প্রযোজ্য সিলেবাস থেকে পত্র কোড এন্ট্রি দিতে হবে**। রেজিস্ট্রেশন কার্ড ইস্যুর পর পত্র কোড পরিবর্তনের আবেদন গ্রহণযোগ্য হবে না।

৮। **নিম্নবর্ণিত কলেজসমূহে ২০১৪-১৫ সালের ১ম পর্ব মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করা যাবে :**

ক্রম	কলেজ কোড	কলেজের নাম	ক্রম	কলেজ কোড	কলেজের নাম
১.	০১০১	সরকারি পিসি কলেজ, বাগেরহাট	২৯.	৪৪০৭	কক্সবাজার সিটি কলেজ
২.	০৩২২	বি এল কলেজ, খুলনা	৩০.	৪৬০১	রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি
৩.	০৫০১	এম এম কলেজ, যশোর	৩১.	৪৮০১	নেত্রকোনা সরকারি কলেজ, নেত্রকোণা
৪.	১০০১	কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া	৩২.	৪৯০১	গুরুদয়াল সরকারি কলেজ, কিশোরগঞ্জ
৫.	১১০১	সরকারি বি.এম কলেজ, বরিশাল	৩৩.	৫০০১	সরকারি আশেক মাহমুদ কলেজ, জামালপুর
৬.	১২০১	সরকারি সোহরাওয়ার্দি কলেজ, পিরোজপুর	৩৪.	৫১০১	শেরপুর সরকারি কলেজ, শেরপুর
৭.	১৫০১	পটুয়াখালী সরকারি কলেজ, পটুয়াখালী	৩৫.	৫২০১	আনন্দমোহন কলেজ, ময়মনসিংহ
৮.	১৬০১	বরগুনা সরকারি কলেজ, বরগুনা	৩৬.	৫৩০১	সরকারি সা'দত কলেজ, টাঙ্গাইল
৯.	১৭০১	এম.সি কলেজ, সিলেট	৩৭.	৫৪০১	নরসিংদী সরকারি কলেজ, নরসিংদী
১০.	২০০১	মৌলভীবাজার সরকারি কলেজ	৩৮.	৫৫০১	ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ, গাজীপুর
১১.	২১০১	সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা	৩৯.	৫৫১১	টঙ্গী সরকারি কলেজ, গাজীপুর
১২.	২২০১	সিরাজগঞ্জ সরকারি কলেজ, সিরাজগঞ্জ	৪০.	৫৬০১	সরকারি তোলারাম কলেজ, নারায়নগঞ্জ
১৩.	২৪০১	নওগাঁ সরকারি কলেজ,নওগাঁ	৪১.	৫৮০১	সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ
১৪.	২৫০১	রাজশাহী কলেজ, রাজশাহী	৪২.	৫৯১২	ড. আবুল হোসেন কলেজ, রাজবাড়ি
১৫.	২৭০১	সরকারি আযিযুল হক কলেজ, বগুড়া	৪৩.	৬০০১	সরকারি রাজেন্দ্র কলেজ, ফরিদপুর
১৬.	২৯০৬	হাতীবান্ধা আলিমুদ্দীন কলেজ, লালমনিরহাট	৪৪.	৬১০১	সরকারি বঙ্গবন্ধু কলেজ, গোপালগঞ্জ
১৭.	৩১০১	নীলফামারী সরকারি কলেজ, নীলফামারী	৪৫.	৬২০৯	শামসুর রহমান কলেজ, গোসাইরহাট, শরীয়তপুর
১৮.	৩২০১	কারমাইকেল কলেজ, রংপুর	৪৬.	৬৩০১	সরকারি নাজিমুদ্দিন কলেজ, মাদারীপুর
১৯.	৩৪০১	দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর	৪৭.	৬৪১০	নিউ মডেল কলেজ, ঢাকা
২০.	৩৭০১	ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা	৪৮.	৬৪১৬	সিদ্ধেশ্বরী কলেজ, ঢাকা
২১.	৩৮০১	ব্রাহ্মণবাড়ীয়া সরকারি কলেজ	৪৯.	৬৪২২	তেজগাঁও কলেজ, ঢাকা
২২.	৩৯০১	চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর	৫০.	৬৪২৫	শেখ বোরহানুদ্দিন কলেজ, ঢাকা
২৩.	৪০০১	লক্ষ্মীপুর সরকারি কলেজ, লক্ষ্মীপুর	৫১.	৬৪৩৯	আবুজর গিফারী কলেজ, ঢাকা
২৪.	৪১০১	ফেনী সরকারি কলেজ, ফেনী	৫২.	৬৪৪৭	লালমাটিয়া মহিলা কলেজ, ঢাকা
২৫.	৪২০১	নোয়াখালী সরকারি কলেজ, নোয়াখালী	৫৩.	৬৪৫৮	মোহাম্মদপুর কেন্দ্রীয় কলেজ, ঢাকা
২৬.	৪৩০১	চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম	৫৪.	৬৪৫৯	হাবীবুল্লাহ বাহার কলেজ, ঢাকা
২৭.	৪৩০৫	হাজী মুহাম্মদ মহসীন কলেজ, চট্টগ্রাম	৫৫.	৬৪৮৬	আলহাজ্ব মকবুল হোসেন কলেজ, ঢাকা
২৮.	৪৩০৬	চট্টগ্রাম কমার্স কলেজ, চট্টগ্রাম			

৯। রেজিস্ট্রেশন প্রক্রিয়া সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে **উল্লিখিত** সময়ের পর বিলম্বে বা বিশেষ অনুমতিতে ভর্তির আবেদন করা যাবে না বিধায় নির্দিষ্ট সময়ের পর বিশেষ ভর্তির কোন আবেদন পত্রে সুপারিশ করে বিশ্ববিদ্যালয়ে প্রেরণ না করার জন্য কলেজ অধ্যক্ষগণকে অনুরোধ করা হলো।

১০। রেজিস্ট্রেশন সংক্রান্ত এ বিজ্ঞপ্তির যে কোন শর্ত বাতিল বা পরিবর্তনের ক্ষমতা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

বি:দ্র: এই ফরমে প্রার্থীর কোন তথ্য ভুল/অসত্য বলে প্রমাণিত হলে তার ভর্তি বাতিল করার ক্ষমতা জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষন করে।

স্বাক্ষরিত/-
(অধ্যাপক ড. মো: আনোয়ার হোসেন)
ডিন (ভারপ্রাপ্ত)
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর-১৭০৪
ই- মেইল: pgdeanoffice@gmail.com

সূত্র নং - ১৬(৬৯৩)/ জাতী:বি:/রেজি:/একা:/মাস্টার্স ১ম পর্ব/২০১৪-১৫/৩৭৮০ তারিখ: ১৪ মার্চ ২০১৭

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হ'ল :

১. সকল ডিন, জাতীয় বিশ্ববিদ্যালয়
২. সকল বিভাগ/দপ্তর প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়
৩. অধ্যক্ষ, --
৪. পরিচালক, অর্থ ও হিসাব, জাতীয় বিশ্ববিদ্যালয়
৫. সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬. উপ-রেজিস্ট্রার ও সচিব, ভাইস-চ্যান্সেলর-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৭. সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস-চ্যান্সেলর (প্রশাসন)-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৮. সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস-চ্যান্সেলর (একাডেমিক)-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৯. সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১০. সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রার-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১১. অফিস কপি/ নোটিশ বোর্ড/**সংশ্লিষ্ট** সকল নথি।

স্বাক্ষরিত/-
উপ- রেজিস্ট্রার
একাডেমিক (১ম পর্ব মাস্টার্স)
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর - ১৭০৪।
ফোন : ৯২৯১০৭০